

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

বিষয় : যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির আগষ্ট/ ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।
তারিখ : ০৬/০৮/২০২১ খ্রিঃ।
সময় : বেলা-১০.০০ টা
স্থান : উপজেলা পরিষদ কার্যালয়, কালিয়া, নড়াইল।
সভাপতি : মোঃ ইব্রাহীম শেখ, ভাইস চেয়ারম্যান
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-ক দ্রষ্টব্য


সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর তিনি বলেন যে, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক জুলাই, ২০১৩ খ্রিঃ তারিখে প্রকাশিত উপজেলা পরিষদ ম্যানুয়ালের (উপজেলা পরিষদ আইন, ১৯৯৮) এর ধারা ২৯ অনুযায়ী উপজেলা পরিষদের গত ২৫/০৬/২০২১ খ্রিঃ তারিখের সভায় যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি সংক্রান্ত স্থায়ী কমিটি গঠন করেছেন। তিনি গঠিত কমিটির কার্যপরিধি মোতাবেক কার্যক্রম সম্পন্ন করতঃ উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনযোগ্য বিষয় সমূহ সুপারিশ আকারে উপস্থাপন করার বিষয়ে গুরুত্বারোপ করেন।

সভায় উপস্থিত উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল বলেন যে, এ উপজেলায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে এডিপি, উপজেলা উন্নয়ন তহবিল এর বরাদ্দপ্রাপ্ত অর্থ দ্বারা নীতিমালার আলোকে উপজেলা পরিষদের অনুমোদন সাপেক্ষে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হয়। এ ছাড়া উপজেলা পর্যায়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ ও সংস্কার, ইউপি কমপ্লেক্স ভবনসহ অন্যান্য অবকাঠামো বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নীতিমালার আলোকে বাস্তবায়ন করা হয়ে থাকে। তিনি সভায় উপস্থিত সদস্যদের আরো জানান যে, উপজেলা পর্যায়ে সুশ্রম উন্নয়ন নিশ্চিতকল্পে অগ্রাধিকার ভিত্তিতে প্রয়োজনীয় প্রকল্প সমূহই বাস্তবায়ন করা হচ্ছে।

এ পর্যায়ে সভায় উপস্থিত চেয়ারম্যান, ১২নং চাঁচুড়ী ইউনিয়ন বলেন যে, বর্তমানে সরকারের সময়ে কালিয়া উপজেলায় যে উন্নয়ন সাধিত হয়েছে এবং তা অব্যাহত থাকায় নতুন কোন প্রস্তাবনা না থাকলেও চলমান উন্নয়ন প্রক্রিয়া অব্যাহত রাখার বিষয়ে প্রস্তাব করেন। সভায় উপস্থিত চেয়ারম্যান, পুরুলিয়া ইউপি, চেয়ারম্যান, পেড়লী ইউপি ও চাঁচুড়ী ইউপি চেয়ারম্যানের বক্তব্যকে সমর্থন করেন।

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে এ উপজেলার চলমান উন্নয়ন প্রক্রিয়াকে বহাল রাখার বিষয়ে সভাপতি, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে সুপারিশ করেন।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ ইব্রাহীম শেখ)
সভাপতি

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০০.০০০.০০.২১- ০৭

তারিখ : ০৬/০৮/২০২১ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।
- ২। উপজেলাঅফিসার, কালিয়া, নড়াইল।


সদস্য সচিব

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি

ও

উপজেলা প্রকৌশলী
কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

স্মারক নং- ০৫.৪৪.৬৫২৮.০০১.০০.০০০.- ৪৭

তারিখ :- ৪/৮/২২ খ্রিঃ।

বিষয় : যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির ৩/৮/২২ মাসের সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ৬/৮/২২ খ্রিঃ তারিখ বেলা- ১০:০০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সভা উপজেলা পরিষদ কার্যালয়ে অনুষ্ঠিত হবে।
উক্ত সভায় আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।


(মোঃ ইব্রাহীম শেখ)

সভাপতি

যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

প্রাপক : জনাব
.....।

এই নোটিশ-সভার তারিখ ও সময়সীমা, ২০২২ চতুর্থ সভার সভাপতিত্বে, সভামঞ্চে সময়গতির সময়ে ঘোষণা উপজেলায় যে উন্নয়ন সাবত
হয়েছে এবং তা অব্যাহত থাকায় নতুন কোন প্রস্তাবনা না থাকলেও চলমান উন্নয়ন প্রক্রিয়া অব্যাহত রাখার বিষয়ে প্রস্তাব করেন। সভায় উপস্থিত